

শিক্ষাব্যবস্থার সংস্কার ও নতুন শিক্ষাক্রম করবে সরকার : শিক্ষামন্ত্রী



■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষাব্যবস্থায় গুণগত সংস্কার ও দ্রুত নতুন শিক্ষাক্রম প্রণয়নের কার্যকর উদ্যোগ নেওয়ার কথা জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আনাম এহছানুল হক মিলন। রবিবার মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর আয়োজিত এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, দেশের শিক্ষাব্যবস্থাকে আরো আধুনিক, সহজতর ও ফলপ্রসূ করতে সংশ্লিষ্ট সবার সৃজনশীল প্রস্তাব ও কার্যকর উদ্যোগ প্রয়োজন। শিক্ষা মন্ত্রণালয় কোনো সাধারণ প্রশাসনিক মন্ত্রণালয়ের মতো নয়। এটি একটি মৌলিক ও জাতি গঠনের মন্ত্রণালয়। তাই অপ্রয়োজনীয় জটিলতা ও লাল ফিতা দূর করে কোর্স ও কারিকুলামকে সময়োপযোগী ও উৎপাদনশীল করতে সংশ্লিষ্টদের নিজ নিজ কাজ পর্যালোচনা করে উন্নয়নমূলক প্রস্তাব দেওয়ার আহ্বান জানিয়েছেন তিনি।

মন্ত্রী জানান, ২০২৭ সালের লক্ষ্য বাস্তবায়নের জন্য চলতি মাসের মধ্যেই নতুন কারিকুলাম কমিটি গঠন ও সদস্য নির্বাচন সম্পন্ন করতে হবে এবং আগামী

পৃষ্ঠা ৬ কলাম ২

শিক্ষাব্যবস্থার সংস্কার

১৬ পৃষ্ঠার পর

সপ্তাহের মধ্যেই এ প্রক্রিয়া শুরু করার নির্দেশ দেওয়া হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে সিলেবাস প্রস্তুত করতে দ্রুত ও সমন্বিত পদক্ষেপ নেওয়ার কথাও বলেন তিনি। মাদ্রাসা ও সাধারণ শিক্ষার সঙ্গে সংশ্লিষ্টদের উদ্দেশে তিনি উল্লেখ করেন, অন্যান্য দেশের উন্নত শিক্ষা মডেল, গবেষণা প্রবন্ধ ও পিএইচডি গবেষকদের কাজ পর্যালোচনা করে কার্যকর ধারণা গ্রহণ করতে হবে এবং আন্তর্জাতিক অভিজ্ঞতা ও গবেষণালব্ধ জ্ঞান ধাপে ধাপে জাতীয় শিক্ষানীতিতে যুক্ত করা হবে।

একই সভায় শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ শিক্ষা খাতের বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলায় সুনির্দিষ্ট ও বাস্তবভিত্তিক সমাধান প্রস্তাব আহ্বান জানান। তিনি বলেন, মাদ্রাসা বোর্ড ও অধিদপ্তরের দায়িত্ব, শিক্ষকসংক্রান্ত সমস্যা, বিশ্ববিদ্যালয় ও অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে সমন্বয় এবং প্রশাসনিক কার্যক্রমে বিদ্যমান জটিলতা নিয়ে একটি সুসংগঠিত সমাধান তালিকা তৈরি করে মন্ত্রণালয়ে উপস্থাপন করা প্রয়োজন, যাতে দ্রুত সিদ্ধান্ত নেওয়া সম্ভব হয়।

এদিকে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের এনটিআরসিএ ১৯তম শিক্ষক নিবন্ধনের বিজ্ঞপ্তি দ্রুত প্রকাশের নির্দেশ দেন শিক্ষা ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী। রবিবার রাজধানীর ইস্কাটন গার্ডেন রোডে রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ারে এনটিআরসিএ কার্যালয়ে কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি ই-রিকুইজিশন কার্যক্রম দ্রুত শেষ করে স্বল্পতম সময়ে সার্কুলার জারির তাগিদ দেন। সভায় প্রধানমন্ত্রীর শিক্ষা বিষয়ক উপদেষ্টা ড. মাহদী আমিন ও প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ উপস্থিত ছিলেন এবং সভায় সভাপতিত্ব করেন এনটিআরসিএ চেয়ারম্যান মো. আমিনুল ইসলাম। কর্মকর্তারা জানান, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে শূন্যপদ পূরণ ও নিয়োগ সুপারিশে গতি আনতেই এ নির্দেশনা দেওয়া হয়েছে, তবে ই-রিকুইজিশন ধীরগতির কারণে বিজ্ঞপ্তি প্রকাশে বিলম্ব হচ্ছে।

একই সঙ্গে এনটিআরসিএর ১ থেকে ১২তম নিবন্ধনধারীদের বিষয়ে একটি প্রতিবেদন দেওয়ার পরামর্শ দেন শিক্ষামন্ত্রী। কর্মকর্তারা জানান, এ বিষয়ে একটি কমিটি গঠন করে দ্রুত প্রতিবেদন মন্ত্রণালয়ে পাঠানো হবে। এনটিআরসিএ কার্যালয়ের সামনে নিবন্ধনধারীদের আন্দোলন ও স্মারকলিপি দেওয়ার পরই এ নির্দেশনা আসে এবং প্রতিবেদন পাওয়ার পর শিক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে সিদ্ধান্ত নেবে।